

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩০

२. यन गंलाता সूि छे छे अत्म भाला (كِتَابُ الرَّقَائِق)

পরিচ্ছেদঃ মানুষের জন্য মুস্তাহাব হলো কিয়ামতের দিন মীযানের পাল্লা ভারী হওয়ার আশায় বেশি বেশি সুবহাল্লাহ, আলহামদু লিল্লাহ, লা ইলাহা ইল্লাল্লাহ এবং বেশি বেশি তাঁর মহিমা প্রশংসা করা

ذِكْنُ اسْتِحْبَابِ الْإِكْثَارِ لِلْمَرْءِ مِنَ التَّسْبِيحِ وَالتَّحْمِيدِ وَالتَّمْجِيدِ وَالتَّهْلِيلِ وَالتَّكْبِيرِ لِلَّهِ جَلَّ وَعَلَا رَجَاءَ ثِقَلَ الْمِيزَانِ بِهِ فِي الْقِيَامَةِ

আরবী

830 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ بْنِ سَلْمٍ حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: حَدَّثَنَا اللَّهِ بْنُ الْعَلَاءِ بْنِ زَبْرٍ وَابْنُ جَابِرٍ قَالَا: حَدَّثَنَا أَبُو سَلَّمٍ قَالَ: حَدَّثَنَا أَبُو سَلَّمَ رَاعِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَلَقِيتُهُ بِالْكُوفَةِ فِي حَدَّثَنِي أَبُو سَلْمَى رَاعِي رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ _ وَلَقِيتُهُ بِالْكُوفَةِ فِي مَسْجِدِهَا _ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (بخ بخ _ وأَشَارَ بِيَدِهِ مَسْجِدِهَا _ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (بخ بخ _ وأَشَارَ بِيَدِهِ بَخَمْسٍ _ مَا أَثْقَلَهُنَّ فِي الْمِيزَانِ سَبُحْانَ اللَّهِ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا إِلَهَ إِلَّا اللَّهُ وَاللَّهُ أَكْبُرُ وَالْوَلَدُ الصَّالِحُ يُتَوَفَّى لِلْمَرْءِ الْمُسْلِمِ فيحتسبه)
وَالْوَلَدُ الصَّالِحُ يُتَوَفَّى لِلْمَرْءِ الْمُسْلِمِ فيحتسبه)
الراوي: أَبُو سَلْمَى المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 830 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৮৩০. আবূ সালাম রহিমাহুল্লাহ থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর রাখাল আবূ সালমা রাদ্বিয়াল্লাহু আনহু, যাকে আমি কুফার মসজিদে দেখেছি, তিনি বলেন, "আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি, তিনি বলেছেন, "কতো চমৎকার! কতো চমৎকার!! এই বলে তিনি তাঁর হাত দ্বারা পাঁচটি জিনিসের দিকে ইশারা করেন। এগুলো মীযানের পাল্লায় কতইনা ভারী! সেগুলো হলো: سُنُحَانَ (আল্লাহর পবিত্রতা ঘোষনা করছি), الْكَمْدُ لِلَّهُ الْكَبْرُ (আল্লাহ জন্য), غُلِلًا اللَّهُ الْكَبُرُ (আল্লাহ ছাড়া প্রকৃত কোন মা'বূদ নেই), عُبَرُ (আল্লাহ সবচেয়ে বড়) এবং মুসলিম ব্যক্তির সৎ সন্তান, যে মারা যায় আর তাতে সে মুসলিম ব্যক্তি সাওয়াবের প্রত্যাশা করে।"[1]



ফুটনোট

[1] নাসাঈ, আমালুল ইয়াওমি ওয়াল লাইলাহ: ১৬৭; দুলাবী, আল আসমা' ওয়াল কুনা: ১/৩৬; তাবাকাতু ইবনু সা'দ: ৬/৫৮; ইবনু আবী 'আসিম, আস সুন্নাহ: ২/২৬৩; তাবারানী আল কাবীর: ২২/৩৪৮; হাকিম: ১/৫১১; হাইসামী, মাজমা'উয যাওয়াইদ: ১০/৮৮; মুসনাদ আহমাদ: ৩/৪৪৩।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১২০৪।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু সালামাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন